

আজ ছাত্রদলের দুই যুগ পূর্তি উৎসব

ইত্তেফাক রিপোর্ট ॥ আজ বুধবার ১লা জানুয়ারী জাতীয়তাবাদী ছাত্রদলের দুই যুগ পূর্তি উৎসব। ২৪ বছর পূর্বে শহীদ প্রেসিডেন্ট জিয়াউর রহমান বিএনপির অঙ্গ সংগঠন হিসেবে ছাত্রদলের প্রতিষ্ঠা করেন। 'ছাত্র রাজনীতি বিকশিত হোক শিক্ষার আলোক উৎসবে' এই মূলমন্ত্রকে ধারণ করে ছাত্রদল এবছর তাদের প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন করতে যাচ্ছে। দলের প্রতিষ্ঠা বার্ষিকীর দুই যুগ ও পুনর্মিলনী উপলক্ষে আজ নববর্ষের সকাল ১০টায় রমনা উদ্যানের শতাব্দী অঙ্গনে আয়োজিত অনুষ্ঠানে প্রধান অতিথি থাকবেন বিএনপি চেয়ারপার্সন প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া। বিশেষ অতিথি থাকবেন বিএনপি মহাসচিব আবদুল মান্নান ভূঁইয়া। প্রধান বক্তা আমান উল্লাহ আমান। বক্তব্য রাখবেন বিএনপি ও সাবেক ছাত্রদল নেতাবৃন্দ। সভাপতিত্ব করবেন সাহাবুদ্দিন লান্দু। প্রতিষ্ঠা বার্ষিকীর অন্যান্য কর্মসূচীর মধ্যে রয়েছে : সকাল ৬টায় দলের কেন্দ্রীয় কার্যালয়ে পতাকা উত্তোলন, ৯টায় দলের প্রতিষ্ঠাতা শহীদ জিয়ার মাজার জিয়ারত ও পুষ্পস্তবক অর্পণ।

এদিকে সূত্র জানিয়েছে : আজ ছাত্রদলের কেন্দ্রীয় ও ঢাকা বিশ্ববিদ্যালয় কমিটি ঘোষণা করার সভাবনা কীর্ণ। ছাত্রদলের কেন্দ্রীয় আহ্বায়ক কমিটির নেতাবৃন্দ গত সোমবার প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়ার সঙ্গে সাক্ষাৎ করেন। সাক্ষাৎকালে প্রধানমন্ত্রী ছাত্রদলকে গঠনমূলক উন্নিকায় অগ্রণী ইত্যাদি আহ্বানে জানান। ছাত্র বিষয়ক মন্ত্রণালয় আমান উল্লাহ আমান, সাহাবুদ্দিন লান্দু, মোশাররফ হোসেন, মনির হোসেন প্রমুখ এ সময় উপস্থিত ছিলেন।